দৈনিক ইত্তেফাক

তারিখ ... 03 APR 1990 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 5 ...

04

## সরকারী হোমিওপ্যাথিক ডিগ্রী কলেজ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে মিরপুর ১৪নং সেকশনে সরকারী হোমিওপ্যাথিক ডিগ্রী কলেজ স্থাপন করা হইয়াছে। কলেজের শতকরা পঁচানব্বই ভাগ ছেলে-মেয়েই ঢাকার বাহিরের বিভিন্ন জেলা হইতে আগত। কলেজে কোন ছাত্রাবাস এবং ছাত্রীবাস নাই। ছাত্রাবাস না থাকার কারণে অধিকাংশ শিক্ষার্থীর থাকা-খাওয়া এবং লেখাপড়ার ভীষণ অসুবিধা হইতেছে। অত্র কলেজের ছাত্র ও ছাত্রীদের জন্য কলেজের সন্নিকটে আলাদা হোস্টেল নির্মাণের জন্য আবেদন জানাইতেছি।

—মোঃ এনামুল হক "রিপন," বি, এইচ, এম, এস, প্রথম বর্ষ, সরকারী হোমিওপ্যাথিক ডিগ্রী কলেজ, মিরপুর-১৯, ঢাকা-১২০৬।